



গাজায় লাইভ সম্প্রচারের সময় ইসরায়েলি হামলায় নিহত রয়টার্স সাংবাদিক হুসাম আল-মাসরি



সংগৃহীত ছবি

গাজার নাসের হাসপাতালের সামনে লাইভ সম্প্রচারের সময় ইসরায়েলি হামলায় নিহত হয়েছেন রয়টার্সের অভিজ্ঞ সাংবাদিক হুসাম আল-মাসরি। যুদ্ধের ভয়াবহতা তুলে ধরতে গিয়ে নিজের জীবন উৎসর্গ করেন তিনি। সহকর্মীদের মতে, কঠিন পরিস্থিতিতেও তার সাহস ও ইতিবাচক মনোভাব তাকে সাংবাদিক সমাজে বিশেষভাবে সম্মানিত করেছিল।

গাজার নাসের হাসপাতালের সামনে সোমবার (২৬ আগস্ট) সরাসরি সম্প্রচারের সময় ইসরায়েলি হামলায় প্রাণ হারিয়েছেন ব্রিটিশ সংবাদ সংস্থা রয়টার্সের সাংবাদিক হুসাম আল-মাসরি। নিহত হওয়ার আগে তিনি যুদ্ধবিধ্বস্ত গাজায় বেসামরিক মানুষের দুর্দশার চিত্র তুলে ধরছিলেন।

৪৯ বছর বয়সী এই অভিজ্ঞ ক্যামেরাম্যান নিজেও পরিবারের সঙ্গে একটি তাঁবুতে বসবাস করছিলেন এবং প্রতিদিন খাবারের জন্য সংগ্রাম করতেন। তা সত্ত্বেও তিনি সাহসের সঙ্গে পেশাগত দায়িত্ব পালন চালিয়ে যান। সহকর্মীদের ভাষায়, বিপদের মাঝেও তার ইতিবাচক মানসিকতা ও নিরলস কাজের ধারা তাকে সাংবাদিক মহলে অত্যন্ত জনপ্রিয় করে তুলেছিল। দক্ষিণ গাজার খান ইউনিসে নিহত সাংবাদিকের ভাই এজেলদিন আল-মাসরি ভাইয়ের ব্যবহৃত ক্যামেরা সরঞ্জাম ধরে রেখে শোক প্রকাশ করেন। রয়টার্সের ছবিতে দেখা যায়, লাইভ সম্প্রচারের ঠিক সেই মুহূর্তেই ইসরায়েলি হামলার শিকার হন হুসাম আল-মাসরি।

সূত্র: রয়টার্স